গাংনীর সীমান্তে মালিকবিহীন অবস্থায় ফেয়াডিল সিরাপ উদ্ধার করেছে বিজিবি

মেহেরপুরের গাংনীতে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ৯৭ বোতল ফেয়াডিল সিরাপ উদ্ধার করেছে বাংলাদেশ বর্ডার গার্ড(বিজিবি)।

বুধবার ভোররাত ৫ টার দিকে উপজেলার কাজিপুর মন্ডলপাড়া মাঠ এলাকায় অভিযান চালিয়ে এগুলো উদ্ধার করে বিজিবির একটি চৌকস দল।

বুধবার দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করেন কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কাজিপুর বিওপির একটি টহল দল কাজিপুর মন্ডলপাড়া মাঠ এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ভারতীয় ৯৭ বোতল ফেয়াডিল সিরাপ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ৩৮,৮০০/- (আটত্রিশ হাজার আটশত) টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান, অবৈধ পারাপারসহ সকল প্রকার সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে। সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলেও লিখিত বিজ্ঞপ্তিতে বলা হয়।

নতুন দায়িত্বে গাংনীর এমপি নাজমুল হুদা

মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য মো. নাজমুল হুদা নৌ- পরিবহন মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য নির্বাচিত

হয়েছেন।

বৃহস্পতিবার জাতীয় সংসদ অধিবেশনে এ-সংক্রান্ত কমিটি ঘোষণা করা হয়।

এ ছাড়া নোয়াখালী-২ আসনের সংসদ সদস্য জয়নুল আবদিন ফারুক কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। পদাধিকারবলে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী কমিটির সদস্য হিসেবে থাকবেন।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন বরিশাল-৪ আসনের সংসদ সদস্য মোহাম্মদ রাজিব হাসান, বগুড়া-২ আসনের মোহাম্মদ হাফিজুর রহমান, শেরপুর-৩ আসনের মোহাম্মদ মাহমুদুল হক রুবেল, মাদারীপুর-৩ আসনের আনিসুর রহমান, শরীয়তপুর-১ আসনের সাঈদ আহমেদ, সংরক্ষিত মহিলা আসন-৩১ এর মোসাম্মদ সাজিদা ইয়াসমিন, মেহেরপুর-২ আসনের মোহাম্মদ নাজমুল হুদা এবং নোয়াখালী-৬ আসনের সংসদ সদস্য আব্দুল হান্নান মাসুদ।

গাংনীতে বিএনপির সমাবেশ স্থলের কাছে ৩টি টাইম বোমা বিষ্ফোরণ

মেহেরপুরের গাংনীতে তিনটি টাইম বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে।

রোববার বিকেল ৩টার দিকে গাংনী বাজারে হাসানের চায়ের দোকানের পাশে দুটি এবং বাঁশবাড়িয়া আনসার-ভিডিপি ক্লাবের ওপর একটি বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে।

গাংনী বাজারের বোমা বিস্ফোরণের স্থান থেকে প্রায় ৫০ গজ দূরে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়। আর বাঁশবাড়িয়ার বিস্ফোরণস্থলের পাশেই বিএনপির জনসভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

গাংনী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমন জানান, আজ বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি রয়েছে। এ কারণে কয়েকজন নেতাকর্মীকে নিয়ে বিএনপি কার্যালয়ের কাছাকাছি একটি চায়ের দোকানের পাশে দাঁড়িয়ে ছিলেন। হঠাৎ বিকট শব্দে দুটি টাইম বোমা

বিস্ফোরিত হয়। পরে ঘটনাস্থল থেকে ধোঁয়া উঠতে দেখা যায়।

এ ঘটনায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি। তবে বিস্ফোরণের ঘটনায় এলাকায় আতঙ্ক বিরাজ করছে। বিএনপির কর্মসূচি বানচাল করার জন্য এ ঘটনা ঘটানো হয়ে থাকতে পারে বলে দাবি করেন তিনি।

স্থানীয়রা জানান, হঠাৎ বিকট শব্দে বিস্ফোরণের ঘটনা ঘটে। তাদের ধারণা, বিস্ফোরণস্থলের একটি গাছের মধ্যে টাইম বোমা রাখা হয়েছিল।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল বলেন, বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আজ আমাদের অনুষ্ঠান রয়েছে। আমরা বিএনপি কার্যালয়েই বসে ছিলাম। এ সময় হঠাৎ বিকট শব্দে টাইম বোমা বিস্ফোরিত হয়। আমরা সেখানে গিয়ে দেখি দুটি টিনের টুকরা ও ব্যাটারি পড়ে রয়েছে। আমাদের অনুষ্ঠান বানচাল করার জন্য কে বা কারা এগুলো রেখে গেছে, তা দ্রুত শনাক্ত করে দোষীদের আইনের আওতায় আনার জন্য প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছি।

গাংনী থানার তদন্ত কর্মকর্তা শিমুল কুমার দাস বলেন, সংবাদ পেয়ে আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। ঘটনাস্থল থেকে বিস্ফোরণের আলামত উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে। বিষয়টি তদন্তাধীন রয়েছে। এর সঙ্গে যারা জড়িত, তাদের দ্রুত আইনের আওতায় আনা হবে।

তবে তিনি ক্যামেরার সামনে কথা বলতে রাজি হননি।

সৌদি আরবে দুর্ঘটনায় শয্যাশায়ী মেহেরপুরের সালাম

পরিবারের স্বচ্ছলতা ফেরানোর স্বপ্ন নিয়ে ১৪ মাস আগে সৌদি আরবে পাড়ি জমিয়েছিলেন মেহেরপুরের গাংনী উপজেলার রাজাপুর গ্রামের ২২ বছর বয়সী সালাম হোসেন। স্বপ্ন ছিল বিদেশে কাজ করে পরিবারের অভাব দূর করবেন, বাবা-মায়ের মুখে হাসি ফোটাবেন।

কিন্তু সেই স্বপ্নের পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা। এখন শয্যাশায়ী

সালাম, আর ছেলের চিকিৎসা চালাতে গিয়ে নিঃস্ব হয়ে পড়েছে তার পরিবার।

চলতি বছরের ৭ মার্চ, রমজান মাসে রোজা রেখে সৌদি আরবে মোটরসাইকেলে পণ্য সরবরাহের কাজ করছিলেন সালাম। ইফতারের আর মাত্র পাঁচ মিনিট বাকি।

বৃষ্টিতে ভেজা সড়ক দিয়ে মোটরসাইকেলে যাওয়ার সময় হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের আইল্যান্ডে ধাক্কা লাগে। গুরুতর আহত অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হয়। সেখানে টানা সাত দিন কোমায় থাকার পর জ্ঞান ফেরে তার। তবে এরপর আর স্বাভাবিক জীবনে ফিরতে পারেননি তিনি।

সালামের বাবা জহুরুল ইসলাম জানান, একমাত্র ছেলে পরিবারের হাল ধরবে এই আশাতেই তাকে বিদেশে পাঠানোর সিদ্ধান্ত নেন তিনি।

প্রথমে ছেলেকে মালয়েশিয়ায় পাঠানোর জন্য এক দালালের মাধ্যমে প্রায় সাড়ে চার লাখ টাকা খরচ করেন। কিন্তু প্রতারণার শিকার হয়ে সেই টাকা হারাতে হয়।

এরপর আরও পাঁচ লাখ টাকা খরচ করে সালামকে সৌদি আরবে পাঠানো হয়। সেখানে একটি প্রতিষ্ঠানে ফুড ডেলিভারির কাজ দেওয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত সেই কাজ পাননি তিনি। পরে কাগজপত্রের জটিলতার মধ্যেই একটি প্রতিষ্ঠানে পণ্য সরবরাহের কাজ শুরু করেন সালাম।

দুর্ঘটনার পর সালামের চিকিৎসায় এ পর্যন্ত প্রায় ৪০ লাখ টাকা খরচ হয়েছে বলে জানিয়েছে তার পরিবার। আত্মীয়-স্বজনের কাছ থেকে ধার ও পরিচিতজনদের সহযোগিতায় কোনোভাবে চিকিৎসার ব্যয় মেটানোর চেষ্টা করেছেন বাবা জহুরুল ইসলাম।

একপর্যায়ে ছেলেকে দেশে ফিরিয়ে আনার সিদ্ধান্ত নেন তিনি। কিন্তু দেশে ফেরানোর খরচ জোগাড় করাও কঠিন হয়ে পড়ে। শেষ পর্যন্ত পরিবারের শেষ সম্বল এক বিঘা জমি বিক্রি করে দেওয়া হয়। সৌদি আরব থেকে এয়ার অ্যাম্বুলেন্সে করে বাংলাদেশে আনতে আরও ১১ লাখ টাকা খরচ হয়।

এখন পরিবারের হাতে নেই জমি, নেই সঞ্চয়। অথচ সালামের চিকিৎসা এখনও শেষ হয়নি।

সালামের বাবা জহুরুল ইসলাম বলেন, একমাত্র ছেলেকে পরিবারের ভবিষ্যৎ ভেবেই বিদেশে পাঠিয়েছিলেন তিনি। কিন্তু সেই ছেলেকেই

সুস্থ করতে গিয়ে নিজের সবকিছু হারিয়েছেন।

তিনি বলেন, “একমাত্র ছেলে পরিবারের হাল ধরবে এই আশায় তাকে বিদেশে পাঠিয়েছিলাম। এখন ছেলের চিকিৎসা করাতে গিয়ে আমার সব শেষ। শেষ সম্বল জমিটুকুও বিক্রি করেছি। চিকিৎসা চালানোর মতো আর কোনো সামর্থ্য নেই।”

সালামের বর্তমান অবস্থা মেনে নিতে পারছেন না তার মা সালমা খাতুন। ছেলের বয়সী অন্য তরুণদের স্বাভাবিক জীবন দেখে নিজের ছেলের কথা মনে করে কেঁদে ফেলেন তিনি।

সালমা খাতুন বলেন, “আমার ছেলের বয়সী ছেলেরা আজ সংসারের হাল ধরেছে, খেলাধুলা করে দিন কাটাচ্ছে। আর আমার ছেলে বিছানায় পড়ে কষ্ট করছে। একজন মা হয়ে ছেলের এই কষ্ট আমি আর সহ্য করতে পারছি না। আপনারা আমার ছেলেটার চিকিৎসার জন্য একটু সহযোগিতা করুন, ওকে আবার সুস্থ করে তুলুন।”

দুর্ঘটনার পর সৌদি কর্তৃপক্ষ কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতা না পাওয়ার অভিযোগ করেছে সালামের পরিবার। ফলে চিকিৎসার পুরো চাপ এসে পড়েছে পরিবারের ওপর।

বর্তমানে বাড়িতে শয্যাশায়ী সালাম। চিকিৎসা চালিয়ে যেতে প্রয়োজন বিপুল অর্থ। কিন্তু সবকিছু হারিয়ে পরিবারের পক্ষে সেই ব্যয় বহন করা সম্ভব হচ্ছে না।

সালাম বলেন, “আমি আবার স্বাভাবিক জীবনে ফিরতে চাই। চিকিৎসার জন্য অনেক টাকা প্রয়োজন। পরিবারের পক্ষে এই খরচ বহন করা সম্ভব নয়। সমাজের বিত্তবানদের কাছে সহযোগিতা চাই।”

সালামের অসহায়ত্বের কথা জানতে পেরে স্থানীয়রাও নিজেদের সামর্থ্য অনুযায়ী পাশে দাঁড়িয়েছেন। স্থানীয়ভাবে এরই মধ্যে প্রায় ১০ হাজার টাকা সংগ্রহ করে পরিবারকে দেওয়া হয়েছে।

তবে দীর্ঘমেয়াদি চিকিৎসার তুলনায় এই অর্থ খুবই সামান্য। তাই সালামের চিকিৎসায় সমাজের বিত্তবান ও সামর্থ্যবান মানুষদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন স্থানীয়রা।

স্থানীয় এক ব্যক্তি বলেন, “আমরা নিজেদের সামর্থ্য অনুযায়ী সহযোগিতা করেছি। কিন্তু সালামের চিকিৎসায় আরও অনেক টাকা প্রয়োজন। সমাজের বিত্তবানরা এগিয়ে এলে ছেলেটা আবার সুস্থ হয়ে

স্বাভাবিক জীবনে ফিরতে পারবে।”

যে বয়সে পরিবারের দায়িত্ব নেওয়ার কথা, সেই বয়সেই এখন বিছানায় পড়ে অন্যের সহযোগিতার অপেক্ষায় সালাম। পরিবারের ভাগ্য বদলাতে বিদেশে গিয়েছিলেন তিনি। অথচ একটি দুর্ঘটনা কেড়ে নিয়েছে তার স্বাভাবিক জীবন এবং বিপর্যস্ত করে দিয়েছে পুরো পরিবারকে।
ছেলেকে সুস্থ করতে গিয়ে শেষ সম্বলটুকুও হারিয়েছে পরিবারটি। এখন সালামের চিকিৎসা চালিয়ে যেতে প্রয়োজন মানুষের সহযোগিতা। সালামের চিকিৎসায় সহযোগিতা পাঠানো যাবে বিকাশ: ০১৭১০-৭৪৫৫২৯, জনতা ব্যাংক: ০১০০২৩৯০৬৭২৪১ এলপিসি, বামন্দী শাখা, গাংনী, মেহেরপুর।

সালামের পরিবারের আশা, সমাজের বিত্তবান ও সামর্থ্যবান মানুষগুলো পাশে দাঁড়ালে ২২ বছরের এই তরুণ আবারও স্বাভাবিক জীবনে ফিরতে পারবেন।

গাংনীতে পল্লী চিকিৎসকের বসতবাড়ি থেকে স্বর্ণলঙ্কার ও নগদ টাকা চুরি

মেহেরপুরের গাংনীতে এক পল্লি চিকিৎসকের বাড়িতে চুরির ঘটনা ঘটেছে। এসময় প্রায় চার লাখ টাকা মূল্যের স্বর্ণালংকার ও মরিচ বিক্রির নগদ ৬০ হাজার টাকা চুরি হয়েছে বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে উপজেলার বামন্দী ইউনিয়নের দেবীপুর দক্ষিনপাড়ার পল্লিচিকিৎসক মামুন আলীর (৩২) বাড়িতে এ ঘটনা ঘটে। মামুন আলী ওই গ্রামের মো. ফজলুর রহমানের ছেলে।

স্থানীয়রা জানান, গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে মামুন আলীর বাড়িতে চুরির ঘটনা ঘটে। বিষয়টি টের পেয়ে স্থানীয়রা সেখানে গিয়ে দেখতে পান, বাড়িতে চুরি হয়েছে।

ভুক্তভোগী পল্লী চিকিৎসক মামুন আলী বলেন, তাঁর একটি ওষুধের

ফার্মেসি রয়েছে। ঘটনার সময় তিনি দোকানে ছিলেন। প্রতিদিনের মতো রাত সাড়ে ৮টার দিকে তাঁর বাবা দোকানে খাবার দিতে যান। তাঁর মা মরিচের খেতে কাজ করা শ্রমিকদের বাড়িতে গিয়েছিলেন এবং স্ত্রী পাশের বাড়িতে তাঁর বোনের কাছে গিয়েছিলেন। এই সুযোগে চোরেরা বাড়িতে ঢুকে আলমারিতে থাকা প্রায় চার লাখ টাকা মূল্যের স্বর্ণালংকার ও নগদ ৬০ হাজার টাকা নিয়ে পালিয়ে যায়।

মামুন আলী আরো বলেন,অনেক কষ্ট করে সন্তান ও পরিবারের জন্য এগুলো গুছিয়ে রেখেছিলাম। কিন্তু চোরেরা এক নিমেষেই সব শেষ করে দিয়েছে।

কষ্টার্জিত স্বর্ণালংকার ও টাকা হারানোর যন্ত্রণা বলে বোঝানো সম্ভব নয়। চুরির সঙ্গে জড়িতদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানাই।

বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ পুলিশের উপ-পরিদর্শক মো. জহুরুল ইসলাম বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি তদন্ত করে চুরির সঙ্গে জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে। জড়িতদের আইনের আওতায় আনা হবে। তিনি আরও বলেন, বাড়ির গেটে তালা দেওয়া ছিল। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, চোরেরা ছাদ দিয়ে উঠে সিঁড়ি ব্যবহার করে ঘরে প্রবেশ করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী বলেন, চুরির খবর পেয়ে পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছে। বিষয়টি নিয়ে পুলিশ তদন্ত করছে।

গাংনীতে পুকুরের পানিতে ডুবে ২ ব্ছরের শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে কনা খাতুন (২) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ শুক্রবার সকাল ১০টার দিকে উপজেলার মটমুড়া ইউনিয়নের ছাতিয়ান মসজিদ পাড়ায় এ ঘটনা ঘটে। কনা খাতুন ছাতিয়ান মসজিদ পাড়ার কৃষক মামুন মিয়ার মেয়ে।

কনা’র দাদা জানান, কনা বাড়ির পাশে পুকুর পাড়ে ভ্যানে বসে খেলা করছিল। এমন সময় আমরা বাড়িতে চলে আসলেও কনা সেখানেই খেলা করছিল। কিছুক্ষণ পরে আমরা কনা খোঁজ করতে শুরু করি। বেশ কিছু সময় তাকে খোঁজাখুঁজি করে না পেয়ে পরে পুকুরে মরদেহ ভাসতে দেখি। পরে সেখান থেকে উদ্ধার করে স্থানীয় এক ক্লিনিকে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষনা করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরী এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীর কাজিপুর সীমান্তে ১২ লাখ টাকা মূল্যের মাদক উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুরের শেওড়াতলা মাঠ নামক এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ৪৮ বোতল ভারতীয় ফেয়ারডিল সিরাপ এবং ৪,০০০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করেছে ৪৭ বিজিবি।

গতকাল বৃহস্পতিবার রাতে কাজিপুরের শেওড়াতলা মাঠ এলাকায় অভিযান চালিয়ে এসব মালামাল উদ্ধার করা হয়।

বিজিবির প্রেস বিজ্ঞপ্তির সূত্রে জানা গেছে কাজিপুর বিওপির দায়িত্বপূর্ণ শেওড়াতলা মাঠ থেকে মালিকবিহীন অবস্থায় ৪৮ বোতল ভারতীয় ফেয়ারডিল সিরাপ এবং ৪,০০০ পিস ডেক্সামেথাসন ট্যাবলেট উদ্ধার করা হয় যার আনুমানিক মূল্য ১২,১৯২০০ টাকা।

প্রেস বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদকদ্রব্যের অনুপ্রবেশ, চোরাচালান, অবৈধ পারাপারসহ সকল প্রকার সীমান্ত অপরাধ প্রতিরোধে নিয়মিতভাবে গোয়েন্দা তৎপরতা ও বিশেষ অভিযান পরিচালনা করে আসছে।

সীমান্ত সুরক্ষা নিশ্চিতকরণ এবং সীমান্ত অপরাধ দমনে বিজিবির এ ধরনের অভিযান ও কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

গাংনীর কাজিপুর ডিগ্রি কলেজে শিক্ষক-শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার

গাংনীতে ‘হলুদ সাংবাদিকতার’ বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং দুই কলেজ শিক্ষকের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবিতে স্মারকলিপি দিয়েছেন উপজেলা কলেজ ও মাধ্যমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুরের গাংনী উপজেলা অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তার মাধ্যমে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রেরণ করা হয়। এ সময় উপজেলা পরিষদ চত্বরে সমাবেশ করে সংক্ষিপ্ত বক্তব্য দেন শিক্ষক নেতারা।

সমাবেশে শিক্ষক নেতারা বলেন, বিভিন্ন সময় কাজিপুর কলেজে গিয়ে শিক্ষকদের কাছে মোটা অঙ্কের টাকা চাঁদা দাবি করে না পেয়ে পরীক্ষাকেন্দ্রে অনুমতি ছাড়া প্রবেশ করে ভিডিও ধারণ করা নাগরিক টিভির মেহেরপুর প্রতিনিধি রাব্বী আহাম্মেদ ও দৈনিক খবরের কাগজের মেহেরপুর প্রতিনিধি এসএম তারেকের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

বক্তারা বলেন, শিক্ষকরা সমাজ ও রাষ্ট্রের ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তোলার কারিগর। অথচ রাব্বী আহাম্মেদ ও এসএম তারেক আদালত প্রাঙ্গণে গিয়ে মাস্তানি কায়দায় দুই শিক্ষককে টেনে-হিঁচড়ে গ্রেপ্তার এবং হাতকড়া পরানোর ঘটনায় শিক্ষক সমাজ অপমানিত হয়েছে। তারা বলেন, আইন সবার জন্য সমান হলেও কোনো নাগরিককে অমানবিক বা অসম্মানজনকভাবে গ্রেপ্তার করার ঘটনা গ্রহণযোগ্য নয়।

ঘটনার সূত্রপাত গত ২৮ আগস্ট। গাংনী উপজেলার কাজিপুর ডিগ্রি কলেজে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এ/বি.এস.এস পরীক্ষা চলছিল। শিক্ষক সমিতির দেওয়া স্মারকলিপিতে অভিযোগ করা হয়েছে, এ সময় দুই সাংবাদিক ছাত্র পরিচয়ে মুখে মাস্ক পরে ক্যামেরা ও মোবাইল ফোন নিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ছাড়া পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করেন। তারা পরীক্ষার কক্ষে ভিডিও ধারণ

করেন বলেও অভিযোগ করেন শিক্ষকরা।

এ সময় কলেজের দুই শিক্ষক—সহকারী অধ্যাপক (পদার্থবিজ্ঞান) মো. মনিরুজ্জামান বিপ্লব এবং সহকারী অধ্যাপক (অর্থনীতি) মো. রফিকুজ্জামানের সঙ্গে ওই সাংবাদিকদের বাকবিতণ্ডা হয় বলে স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে।

শিক্ষকদের দাবি, তারা কোনোভাবেই পরীক্ষায় নকলের পক্ষে নন। পরীক্ষাকেন্দ্রে নকলের কোনো ঘটনা ঘটে থাকলে তারও তদন্ত ও ব্যবস্থা নেওয়া উচিত। তবে সাংবাদিকদের কাছে এ ধরনের তথ্য থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করে বিধি মেনে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করা উচিত ছিল বলে তারা মনে করেন। অনুমতি ছাড়া পরীক্ষাকক্ষে প্রবেশ ও ভিডিও ধারণের মাধ্যমে পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তিদের ভাবমূর্তি ক্ষুণ্ন করা হয়েছে বলেও অভিযোগ তাদের।

শিক্ষকরা বলেন, পরীক্ষা কক্ষের যেমন ভিডিও প্রকাশ করা হয়েছে, তেমনি মারধরেরও ভিডিও প্রকাশ করা হয়েছে। রাব্বী আহাম্মেদ ও এসএম তারেককে সেখানে মারধর বা মোবাইল কেড়ে নেওয়ার কোনো ঘটনা ঘটেনি। কোনো কিছু কেড়ে নেওয়ার ঘটনা ঘটলে তারা পরীক্ষার ভিডিও ফেসবুক বা বিভিন্ন মিডিয়ায় প্রকাশ করলেন কীভাবে?

এ ঘটনার পর গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। স্মারকলিপিতে মামলাটির নম্বর ৪৬ এবং তারিখ ২৮ আগস্ট ২০২৬ উল্লেখ করা হয়েছে। মামলায় দণ্ডবিধির ৩২৩, ৩৭৯ ও ১১৪ ধারায় অভিযোগ আনা হয়েছে। এতে কাজিপুর ডিগ্রি কলেজের ওই দুই শিক্ষকসহ কয়েকজন শিক্ষার্থীকে আসামি করা হয়েছে বলে শিক্ষক সমিতি জানিয়েছে।

মামলার পর অভিযুক্ত দুই শিক্ষক মেহেরপুর জেলা আদালতে জামিনের জন্য হাজির হন। শিক্ষক নেতাদের অভিযোগ, আদালত প্রাঙ্গণ থেকে পুলিশ তাদের গ্রেপ্তার করে এবং পরে হাতকড়া পরিয়ে থানায় নিয়ে যায়। এ ঘটনায় শিক্ষক সমাজের মধ্যে ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়েছে বলে সমাবেশে দাবি করা হয়।

শিক্ষক নেতারা বলেন, কোনো শিক্ষক অপরাধ করলে প্রচলিত আইনে তার বিচার হবে। কিন্তু একজন শিক্ষককে আদালত প্রাঙ্গণে যেভাবে গ্রেপ্তার করা হয়েছে, তা কোনোভাবেই পেশাগত মর্যাদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তারা ঘটনার তদন্ত করে সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

সভাপতি অধ্যাপক বেদারুল ইসলাম, মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সৈয়দ জাকির হোসেন, কারিগরি শিক্ষক সমিতির সভাপতি ও গাংনী টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গাংনী উপজেলা শাখার সভাপতি জামাল হোসেন, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু এবং সিএফএম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও জেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আল হেলাল।

করমদী ডিগ্রি কলেজের প্রভাষক ও শিক্ষক নেতা আবু সাদাদ মো. সায়েম পল্টুর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, জোতি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খুরশিদা খানম, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমসহ বিভিন্ন কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

গাংনীতে বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা ও পৌর বিএনপির কার্যালয়ে উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আগামী ৫ সেপ্টেম্বর বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হবে।

গাংনী উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি আব্দুর রউফ মাস্টারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সভাপতি, সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন।

অনুষ্ঠান সঞ্চালনা করেন কাথুলী ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম রবি।

এ সময় উপস্থিত ছিলেন জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি উপাধ্যক্ষ নাসির উদ্দিন, সাবেক কাউন্সিলর আব্দুল্লাহিল মারুফ পলাশ, বিএনপি নেতা আবু সায়েব পল্টু, সাবেক ইউপি সদস্য শফিকুর রহমান টমা, ধানখোলা ইউনিয়ন বিএনপি নেতা মুস্তাক আহমেদ, নুর ইসলাম, রাশেদ আহমেদ, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, আব্দুল্লাহ আল শাওন, কাথুলী ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান হুসাইন মোহাম্মদ, জাসাসের শরীফ আলভী, সাবেক ইউপি সদস্য লিটন, কাথুলী ইউপি বিএনপি নেতা মিজানুর রহমান মিজা, বিএনপির সাবেক দপ্তর সম্পাদক সিরাজুল ইসলামসহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

আলোচনা সভায় বক্তারা বিএনপিকে তৃণমূল পর্যায়ে আরও শক্তিশালী ও সুসংগঠিত করার ওপর গুরুত্ব দেন। একই সঙ্গে দলের নেতাকর্মীদের অন্যায়-অনিয়মের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

বক্তব্যে আমজাদ হোসেন বলেন, “বিএনপির কমিটি গঠন করে দলকে আরও শক্তিশালী করতে হবে। কার কত ভোট রয়েছে, তা সাংগঠনিকভাবে প্রমাণ করতে হবে। তিনি বলেন, অন্যায়ের প্রতিবাদ করতে হবে, তবে নিজে কোনো অন্যায় করা যাবে না। কোনো অন্যায়ের অভিযোগ থাকলে তা জানালে প্রতিকার না হলে নেতাকর্মীদের সঙ্গে নিয়ে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন তিনি।”

জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান বলেন, “বিএনপিকে ভোট না দিলে কি বিএনপি থাকা যায় না, বিএনপির করা যায়? একটি মহল বিএনপিকে ভোট না দিয়েও দলের পদ-পদবি ব্যবহার করে সুযোগ-সুবিধা নেওয়ার চেষ্টা করছেন।”

আলোচনা সভায় বিএনপির প্রতিষ্ঠার ইতিহাস, দলের সাংগঠনিক কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়।

শেষে আগামী ৫ সেপ্টেম্বর বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষে নেতাকর্মীরা দলকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার প্রত্যয় ব্যক্ত করেন।

গাংনীতে অস্ত্র ঠেকিয়ে ভ্যান ও টাকা ছিনতাই

মেহেরপুরের গাংনীতে গলায় দেশীয় অস্ত্র ধরে ভ্যান ও টাকা ছিনতাইয়ের ঘটনা ঘটেছে। আজ শুক্রবার ভোর রাতে উপজেলার বামন্দী- দেবীপুর সড়কে এ ঘটনা ঘটে। ছিনতাইয়ের শিকার হওয়া তিনজনের বাড়ি উপজেলা কাজীপুর ইউনিয়নের নওদাপাড়া ও দেবীপুর গ্রামে।

স্থানীয়রা জানান, ফজরের আজানের পর এই ধরনের ছিনতাই হবে কেউ ভাবতেও পারেনি। ছিনতাইকারীরা রাস্তায় বাঁশ ঠেকিয়ে গতিরোধ করে দু’টি পাখি ভ্যান ও নগদ টাকা ছিনিয়ে নেয়। এ রাস্তা দিয়ে রাতে চলাচল করা যাত্রীদের জন্য নিরাপদ বলে মনে হয় না। পুলিশের টহল আরো জোরদার করা প্রয়োজন।

ভুক্তভোগী সোহান আলী বলেন, আমরা নওদাপাড়া থেকে ষোলটাকার উদ্দেশ্যে মাছ ধরার জন্য যাচ্ছিলাম। দেবীপুর থেকে বামন্দীর রাস্তায় ঢুকতেই বাঁশ ঠেকিয়ে আমাদের গতি রোধ করে।আমরা ফজরের আযানের পরপরই যাচ্ছিলাম।তাদের কাছে ধারালো হাঁসুয়া ও লাঠি ছিল। পরে আমাদের মাঠের ভেতর নিয়ে গিয়ে বেধে রেখে ফ্যান নিয়ে চলে যাই।আর আমার কাছে নগদ পাঁচ হাজার ৫০০ টাকা ছিল সেটাও নিয়ে যায় ছিনতাইকারীরা।

তিনি আরও বলেন, ছিনতাইকারী সদস্যদের মুখ বাধা ছিল।ফজরের আজানের পরপরই এমন ঘটনা ঘটবে তা কল্পনাও করতে পারিনি। আমরা ভ্যানে তিনজন ছিলাম। আমাদের মাছধরা জাল আর হাড়ি রেখে যায় ছিনতাইকারীরা।

দেবীপুর গ্রামের মোঃ রুহুল আমিন বলেন, দেবীপুর পার হয়ে একটি কালভার্টের পৌঁছাতেই দুইজন ভ্যানে উঠে পড়ে। আর সামনে দুইজন বাঁশ নিয়ে দাঁড়িয়ে ছিল। আমি ভ্যান ঘোরাতে গেলে তারা লাঠি দিয়ে আমার হাতে জোরালোভাবে দুটি আঘাত করে। তারা সামনে আরো কয়েকজন ছিল। ধারণা করা হচ্ছে ছিনতাইয়ের দলে ৬ থেকে ৭ জন সদস্য ছিল।

পরে আমাকে মাঠের ভিতরে নিয়ে গিয়ে একটি গাছের সাথে বেঁধে রাখে এবং মারধর করে। আমার কাছে থাকা নগদ ৭০০ টাকাও নিয়ে যায়।পরে আমার ডাকাডাকি শুনে এলাকার লোকজন ছুটে এসে আমার হাতের বন্ধন খুলে দেয়।

ঘটনার সত্যতা নিশ্চিত করে বামন্দী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ শাহ আলম বলেন, শুক্রবার ফজরের আজানের পরপরই বামন্দী – দেবীপুর সড়কে ছিনতাইয়ের ঘটনা ঘটে। সেখান দু’টি পাখি ভ্যান ও নগদ টাকা ছিনিয়ে নেয় ছিনতাইকারীরা।

বামন্দী ক্যাম্পের এসআই মো: জহুরুল ইসলাম বলেন, আমরা ছিনতাইয়ার ঘটনাস্থান পরিদর্শন করেছি। বিষয়টি তাৎক্ষণিক ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। ছিনতাকারীদের সনাক্ত ও আটক করতে কাজ করছে পুলিশ।